

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭৩৩

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মহানবী (إلي এর বৈশিষ্ট্যাবলী

আরবী

عَنْ أَبِي ذَرِّ الْفِفَارِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ كَيْفَ عَلِمْتَ أَنَّكَ نَبِيُّ حَتَّى اسْتَيْقَنْتَ؟ فَقَالَ: " يَا أَبَا ذَرِّ أَتَانِي مَلَكَانِ وَأَنَا بِبَعْضِ بَطْحَاءِ مَكَّةَ فَوَقَعَ أَحَدُهُمَا عَلَى الشَّيْقَنْتَ؟ فَقَالَ: " يَا أَبَا ذَرِّ أَتَانِي مَلَكَانِ وَأَنَا بِبَعْضِ بَطْحَاءِ مَكَّةَ فَوَقَعَ أَحَدُهُمَا عَلَى الْأَرْضِ، وَكَانَ الْآخَرُ بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ، فَقَالَ أَحَدُهُمَا لِصِاحِبِهِ: أَهُو هُو؟ قَالَ: نَعَمْ، قَالَ زِنْهُ بِرَجُل، فَوُزِنْتُ بِهِ فَوَزَنْتُ بِهِ فَوَزَنْتُ بِهِ فَوَزَنْتُ بِهِمْ فَرَجَحْتُهُمْ، ثُمَّ قَالَ: وَنْهُ بِعَشَرَةٍ، فَوُزِنْتُ بِهِمْ فَرَجَحْتُهُمْ، ثُمَّ قَالَ: وَنْهُ بِأَلْف، فَوُزِنْتُ بِهِمْ فَرَجَحْتُهُمْ كَأَنِّي أَنْظُرُ وَنْهُ بِمِائَةٍ، فَوُزِنْتُ بِهِمْ فَرَجَحْتُهُمْ كَأَنِّي أَنْظُرُ إِلَيْهِمْ يَنْتَثِرُونَ عَلَيَّ مِنْ خِقَّةِ الْمِيزَانِ، قَالَ: فَقَالَ أَحَدُهُمَا لِصَاحِبِهِ: لَوْ وَزَنْتَهُ بِأُمَّتِهِ لَرَجَحْهَا "

বাংলা

(২৭৩৩) আবূ যার্র (রাঃ) বলেন, একদা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞাসা করলাম, '(সর্বপ্রথম) নিশ্চিতরূপে কীভাবে জানলেন যে, আপনি নবী?' উত্তরে তিনি বললেন, ''হে আবূ যার্র! আমি মক্কার কোন এক বাৎহাতে (উপত্যকার বালুচরে) ছিলাম। সেই সময় আমার কাছে দু'জন ফিরিশতা এলেন। তাঁদের মধ্যে একজন যমীনে অবতরণ করলেন অন্য জন আকাশ ও পৃথিবীর মাঝে শূন্যে অবস্থান করছিলেন। তাঁদের একজন তাঁর সঙ্গীকে বললেন, 'উনিই কি তিনি?' সঙ্গী বললেন, 'হাাঁ।' প্রথমজন বললেন, 'উনাকে একজন লোক দ্বারা ওজন কর।' সুতরাং আমাকে একজন লোক দ্বারা ওজন করা হল। তাতে আমার ওজন বেশি হল। তারপর প্রথমজন বললেন, 'এখন উনাকে দশজন লোক দ্বারা ওজন কর।'

সুতরাং আমাকে দশজন লোক দ্বারা ওজন করা হল। তাতেও আমার ওজন বেশি হল। তারপর প্রথমজন বললেন, 'এখন উনাকে একশত জন লোক দ্বারা ওজন কর।' সুতরাং আমাকে একশত জন লোক দ্বারা ওজন করা হল। তাতেও আমার ওজন বেশি হল। তারপর প্রথমজন বললেন, 'এখন উনাকে এক হাজার জন লোক দ্বারা ওজন কর।' সুতরাং আমাকে এক হাজার জন লোক দ্বারা ওজন করা হল। তাতেও আমার ওজন বেশি হল। আমি যেন এখনও তাদেরকে দেখছি, তাদের পাল্লা হাল্কা হওয়ার দরুন তারা আমার উপর পড়ে যাচ্ছিল! তারপর প্রথমজন তাঁর সঙ্গীকে বললেন, 'উনাকে যদি তাঁর উম্মত দ্বারা ওজন করা হয়, তাহলেও নিশ্চিতরূপে তাঁরই ওজন বেশি হবে।



ফুটনোট

(দারেমী ১৪, বাযযার ৪০৬৯, সিঃ সহীহাহ ১৫৪৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন